

# 💵 আতৃ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ২২৩

8. পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ১১. আঙ্গুল সমূহ খিলাল[1] করার প্রতি উদ্বুদ্ধকরণ ও তা পরিত্যাগ করা এবং যে অংশ ধৌত করা ওয়াজিব তাতে শিথীলতা করার প্রতি ভীতি প্রদর্শনঃ ([1] . খিলাল বলা হয়, দু'দাঁতের মধ্যে থেকে খাদ্যের কণা ইত্যাদি বের করার জন্য যে শলা বা কাঠি ব্যবহার করা হয় তাকে। এখানে উদ্দেশ্য হচ্ছে, দাড়ির চুলকে ফাঁক করে তার মধ্যে এবং হাত ও পায়ের দু'আঙ্গুলের ফাঁকে অন্য আঙ্গুল দ্বারা পানি পৌঁছানো।)

الترغيب في تخليل الأصابع والترهيب من تركه وترك الإسباغ إذا أخل بشيء من القدر الواحب

### আরবী

(صحيح) وَعَنْ رفاعة بن رافع أنه كان جالسا عند رسول الله صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فقال إِنَّهَا لَا تَتِمُّ صَلَاةُ لأَحَدٍ حَتَّى يُسْبِغَ الْوُضُوءَ كَمَا أَمَرَهُ اللَّهُ عَنَّ وَجَلَّ يَغْسِلَ وَجْهَهُ وَيَدَيْهِ إِلَى الْمَرْفَقَيْنِ وَيَمْسَحَ بِرَأْسِهِ وَرِجْلَيْهِ إِلَى الْكَعْبَيْنِ. رواه ابن ماجه ورواه أبو داود والنسائي والدارمي

#### বাংলা

২২৩. (সহীহ) রেফাআ বিন রাফে' (রাঃ) হতে বর্ণিত। তিনি একদা নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)এর নিকট বসা ছিলেনঃ এমন সময় তিনি বললেনঃ ''আল্লাহ যেভাবে আদেশ করেছেন সেভাবে পরিপূর্ণরূপে ওয়ু না করা পর্যন্ত তোমাদের কারো সালাত পূর্ণ হবে না। ওয়ুর সময় মুখমণ্ডল ধৌত করবে, উভয় হাত কনুই পর্যন্ত ধৌত করবে, মাথা মাসেহ করবে ও উভয় পা টাখনু পর্যন্ত ধৌত করবে।''

(হাদীছটি বর্ণনা করেছেন ইবনু মাজাহ্ ৪৬০, আবু দাউদ, নাসাঈ ও দারেমী)

#### হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ রিফা'আহ ইবনু রাফি' যুরাকী (রাঃ)

Ø Link — https://www.hadithbd.com/hadith/link/?id=87983

## 👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন